

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

চৌমুহনী শাখা, নোয়াখালী।

### অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব হুমায়ন কবির (আজাদ), স্বত্বাধিকারী-মেসার্স এ.বি অটো রাইস মিলস, পিতা: মৃত হাজী আব্দুস সালাম, মাতা: ফাতেমা বেগম, ব্যবসায়িক ঠিকানা: কুতুবপুর, সেতুভাঙ্গা, বেগমগঞ্জ, নোয়াখালী, বর্তমান ও স্থায়ী ঠিকানা: জাহাজ কোম্পানির বাড়ি, গ্রাম: কুতুবপুর (৩নং ওয়ার্ড অংশ), ডাক: কুতুবপুর-৩৮২৫, বেগমগঞ্জ, নোয়াখালী কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, চৌমুহনী শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/১০/২০২১ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট-৬,৬৬,৬৬,৩০৯.৭০ (ছয় কোটি ছেষটি লক্ষ ছেষটি হাজার তিনশত নয় টাকা সত্তর পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

- ১। জেলা-নোয়াখালী, উপজেলা-বেগমগঞ্জ, মৌজা-কুতুবপুর, যাহা চৌমুহনী পৌরসভার বাহিরে, জে.এল. নং-৩২৪, ডি.এস. খতিয়ান নং-১৫৪, এম.আর.আর. খতিয়ান নং-১৫২, মিউটেশন খতিয়ান নং-১৩২৭, দাগ নং-৩৩০১, মোট ৩১.০০ শতাংশ জমি ও তদুপরিস্থিত ২য়তল অফিস ভবন যাহার চৌহদ্দি: উত্তরে-নুরুল হুদা, দক্ষিণে-নিজ, পূর্বে-নিজ, পশ্চিমে-সেনবাগ কাজির হাট রাস্তা।
- ২। জেলা-নোয়াখালী, উপজেলা-বেগমগঞ্জ, মৌজা-কুতুবপুর, যাহা চৌমুহনী পৌরসভার বাহিরে, জে.এল. নং-৩২৪, ডি.এস. খতিয়ান নং-১৫৪, এম.আর.আর. খতিয়ান নং-১৫১, জমাখারিজ খতিয়ান নং-১৪৫৭, দাগ নং-৩৩০০, মোট ১৭.০০ শতাংশ জমি যাহার চৌহদ্দি: উত্তরে-নিজ, দক্ষিণে-ফজলুল হক, পূর্বে-নিজ, পশ্চিমে-কুতুবপুর রাস্তা।
- ৩। জেলা-নোয়াখালী, উপজেলা-বেগমগঞ্জ, মৌজা-কুতুবপুর, যাহা চৌমুহনী পৌরসভার বাহিরে, জে.এল. নং-৩২৪, ডি.এস. খতিয়ান নং-১৫৭, এম.আর.আর. খতিয়ান নং-১৫৫, জমাখারিজ খতিয়ান নং-১৬৬৮, দাগ নং-৩৩০২, মোট ২৩.৫০ শতাংশ জমি যাহার চৌহদ্দি: উত্তরে-মিঃ কামাল ও অন্যান্য, দক্ষিণে-মিঃ মমিন উল্লাহ ও অন্যান্য, পূর্বে-মিসেস মাজেদা খাতুন ও অন্যান্য, পশ্চিমে-নিজ।
- ৪। জেলা-নোয়াখালী, উপজেলা-বেগমগঞ্জ, মৌজা-কুতুবপুর, যাহা চৌমুহনী পৌরসভার বাহিরে, জে.এল. নং-৩২৪, ডি.এস. খতিয়ান নং-১৫৯, এম.আর.আর. খতিয়ান নং-১৫৭, জমাখারিজ খতিয়ান নং-১৭২৬, দাগ নং-৩২৯৯, মোট ১৭.৫০ শতাংশ জমি যাহার চৌহদ্দি: উত্তরে-নিজ, দক্ষিণে-মাদ্রাসা, পূর্বে-নিজ, পশ্চিমে-রাস্তা।
- ৫। জেলা-নোয়াখালী, উপজেলা-বেগমগঞ্জ, মৌজা-কুতুবপুর, যাহা চৌমুহনী পৌরসভার বাহিরে, জে.এল. নং-৩২৪, ডি.এস. খতিয়ান নং-১৫৭, এম.আর.আর. খতিয়ান নং-১৫৫, জমাখারিজ খতিয়ান নং-১৬৬৮, দাগ নং-৩৩০২ হাল, বি.এস. দাগ নং-৫৭২৮, ৫৭২৯, মোট ৮.২৫ শতাংশ জমি যাহার চৌহদ্দি: উত্তরে-কামাল উদ্দিন ও অন্যান্য, দক্ষিণে-মিঃ তুফায়েল আহাম্মদ, পূর্বে-শাহাজান, পশ্চিমে-নিজ।
- ৬। জেলা-নোয়াখালী, উপজেলা-বেগমগঞ্জ, মৌজা-রসুলপুর, জমির পরিমাণ ১২.০০ (৩.০০+৯.০০) শতাংশ, জে.এল. নং-৩২৬, ডি.এস. দাগ নং-৭৯৬, ৭৯৭, হাল বি.এস. দাগ নং-৬০, ৫৯, ডি.এস. খতিয়ান নং-২৯৫, এম.আর.আর. খতিয়ান নং-২৪৪, জমা খারিজ খতিয়ান নং-৭০৮, ৭৩৫ যাহার চৌহদ্দি: উত্তরে-রাস্তা ও নিজ, দক্ষিণে-রাস্তা ও নিজ, পূর্বে- রাস্তা ও নিজ, পশ্চিমে-রাস্তা ও নিজ।
- ৭। জেলা-নোয়াখালী, উপজেলা-বেগমগঞ্জ, মৌজা-কুতুবপুর, যাহা চৌমুহনী পৌরসভার বাহিরে, জে.এল. নং-৩২৪, ডি.এস. দাগ নং-৩১০৩, হাল বি.এস. দাগ নং-৫৫৯০, ৫৫৮৯, ৫৫৮৭, ডি.এস. খতিয়ান নং-৬৮০, এম.আর.আর. খতিয়ান

নং-৬৯৬, বর্তমান জমাখারিজ খতিয়ান নং-১৩২৭, মোট ৫৪.০০ শতাংশ জমি যাহার চৌহদ্দি: উত্তরে-মিঃ নোয়াব আলি, দক্ষিণে-মিঃ সাহাব উল্ল্যা, পূর্বে-রাস্তা, পশ্চিমে-নিজ।

৮। জেলা-নোয়াখালী, উপজেলা-বেগমগঞ্জ, মৌজা-রসুলপুর, জমির পরিমাণ ৪৩.০০ (৩০.০০+১৩.০০) শতাংশ, জে.এল. নং-৩২৬, খতিয়ান নং-১৮৪, এম.আর.আর. খতিয়ান নং-১৪৯, বি.এস. ডিপি খতিয়ান নং-৮১৪, জমাখারিজ খতিয়ান নং-১২৪৭, ডি.এস. দাগ নং-০১, ০২, হাল বি.এস. দাগ নং-০১, ০৩ যাহার চৌহদ্দি: উত্তরে-মিঃ হাদার আলি, দক্ষিণে-মিঃ মহিউদ্দিন, পূর্বে-রাস্তা, পশ্চিমে-নিজ।

### নিলামের শর্তাবলীঃ

- ০১। আগামী ০৫.১২.২০২১ ইং তারিখ বিকাল ০৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি, চৌমুহনী শাখা, নোয়াখালী এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ০২। প্রত্যেক দরদাতা কর্তৃক দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে ইহার শতকরা ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার শতকরা ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউসিবি, চৌমুহনী শাখা, নোয়াখালী এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ০৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্র দাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ০৪। দাখিলকৃত দরপত্রে প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ০৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল করদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিল মূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রিশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা পি.ডি.পি/পল্লী বিদ্যু, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে দরদাতাকেই বহন করিতে হইবে।
- ০৬। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- ০৭। দরপত্র জমা নেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থা, স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ০৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ০৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

শাখা ব্যবস্থাপক, ইউসিবি, চৌমুহনী শাখা, নোয়াখালী।